

আগমনী

—সৌমিত্র আচার্য

খড় বিচালির কাঠামোতে কুমোর দিল মাটি;
ডাম-কুড়াকুড়, তাক-কুড়াকুড় ঢাকের পিঠে কাঠি ।
শিউলি হাসে, শিশির ঘাসে, কাঁশের মেলা বনে,
মা আসছেন ঐ শোনা যায় বাউল ফকিরের গানে ।
কেমন এ তোর মায়া মাগো দীন-হীন জনে,
সবাই মিলে জুটল যে আজ তোরই আবাহনে!
দীঘির জলে পদ্ম ফোঁটে, ধানের ক্ষেতে দোলা,
হঠাত এসে ধরা দিল রঙিন খুশির মেলা ।
নীলাকাশের মেঘগুলো সব ভিনদেশে দেয় পাড়ি;
একটি বছর পরে যে মা আসছে বাপের বাড়ি ।
গাঁয়ের বধু দিচ্ছে উলু, বাজছে কাসর-ঘণ্টা,
আলতা শাড়ির তরে আজ আনচান তার মনটা..
মণ্ডপেতে ঘুরবে রঙিন প্রজাপতির সাজে!
এসব ভেবেই দিন কেটে যায় মন বসেনা কাজে ।
কঁচিকাচার ঠোঁটের কোনে মিষ্টি সরল হাসি,
এবার পূজোয় হবে নুতন জামা জুতো বাঁশি ।
সবার মনে সাধ এবার হবে দেবী বোধন;
তাইতো মোদের পাড়াগাঁয়ে পূজোর আয়োজন ।
ভক্তি ভরে পূজিব মোরা মায়ের চরনতল;
উপচারের সাধ্য নেই তাই দেব আঁখিজল ।
শ্রদ্ধা ভরে এটুকু মোরা করব নিবেদন...
দীনহীন কাঙাল মাগো মোরা আর্তজন ।
সবাই মিলে এটুকু আশিস মাগি করজোড়ে;
জ্ঞানের আলো জ্বালিস মা তুই মোদের কুঁড়েঘরে ।
দুমুঠো রোজ পায় যেন মা খেতে মোদের শিশু
রাজভোগের সাধ নেই মা, চাইনা মা আর কিছু...
প্রতিবার আসবি মা তুই কাঙাল দুঃখীর দেশে;
সুখ শান্তির বার্তা নিয়ে ভুবন ভুলানো বেশে
বক্ষ মাঝে আসন পেতে রাখব তোকে তুলে,
মনের যতো শোক-দুঃখ, মান অভিমান ভুলে ।।